আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড
প্রধান কার্যালয়
গ্রিন সিটি এজ (৮ম তলা)
৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।

সিটিজেন চার্টার

ফোন ঃ (৮৮০২) ৮৩০০৪৩১, ৮৩০০৪৫৯
ফ্যাক্স ঃ (৮৮০২) ৮৩০০৪৬৬
ই-মেইল ঃ istclbd@gmail.com
ওয়েব সাইট ঃ www.istcl.com.bd

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড
সিটিজেন চার্টার
(আইএসটিসিএল প্রদত্ত সেবা কার্যক্রম)

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল) দেশে স্বয়ংক্রিয় ট্রেডিং ব্যবস্থা চালু হওয়ার পর ব্রোকারেজ সেবা প্রদানের উদ্দেশ্যে প্রথম পাবলিক সেক্টর ব্রোকারেজ হাউজ হিসেবে ২০০০ সালের ০৫ ডিসেম্বর আত্মপ্রকাশ করে। কোম্পানি আইন-১৯৯৪ (ধারা-২) অনুযায়ী এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর যৌথ উদ্যোগে সূচিত ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি) এর অধীনে এবং আইসিবি অধ্যাদেশ এ প্রদত্ত ক্ষমতাবলে আইএসটিসিএল ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর একটি সাবসিডিয়ারি কোম্পানি হিসেবে প্রতিষ্ঠিত হয়।

আইএসটিসিএল ১১ আগস্ট ২০০২ তারিখে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও ০৭ ফেব্রুয়ারি ২০০৪ তারিখে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এ ব্যবসা পরিচালনার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) হতে নিবন্ধন সনদ প্রাপ্ত হয়ে ব্রোকারেজ কার্যাবলী শুরু করে। এছাড়া কোম্পানি ১৫ ফেব্রুয়ারি ২০১০ তারিখে 'স্টক ডিলার' কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠানটি নিজস্ব 'মেমোরেন্ডাম' এবং 'আর্টিকেলস অব এসোসিয়েশন', বিএসইসি'র নিয়মনীতি এবং অন্যান্য প্রাসঙ্গিক আইনের মাধ্যমে পরিচালিত হচ্ছে। আইএসটিসিএল নিয়ন্ত্রক কর্তৃপক্ষের রুলস এন্ড রেগুলেশনস্ এবং দৈনন্দিন নির্দেশনাবলী পরিপালনপূর্বক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে থাকে।

<u>আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড কর্তৃক প্রদত্ত ব্রোকারেজ সেবা সমূহের বিবরণ ঃ-</u>

ক. বিনিয়োগকারীগণের বিও হিসাব ও ট্রেডিং হিসাব খোলা, তথ্যাবলী পরিবর্তন ও সংশোধনের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করা;

খ. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) এর তালিকাভুক্ত সিকিউরিটিজসমূহ বিও হিসাবধারকের ক্রয় ও বিক্রয় আদেশের মাধ্যমে তাৎক্ষণিকভাবে লেনদেন কার্যক্রম সম্পন্ন করা;

গ. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) এর ওভার দ্যা কাউন্টার (OTC) মার্কেটে তালিকাভুক্ত সিকিউরিটিজসমূহ বিও হিসাবধারকের ক্রয় ও বিক্রয় আদেশের মাধ্যমে লেনদেন কার্যক্রম সম্পন্ন করা;

ঘ. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) এর তালিকাভুক্ত সিকিউরিটিজ নন রেসিডেন্ট বাংলাদেশী বিও হিসাবধারীর অনুমোদিত ব্যক্তির ক্রয় ও বিক্রয় আদেশের মাধ্যমে লেনদেন কার্যক্রম সম্পন্ন করা;

ঙ. মার্চেন্ট ব্যাংক দ্বারা পরিচালিত নিজস্ব পোর্টফোলিও হিসাব ও অমনিবাস হিসাবসমূহের বিপরীতে ব্রোকারেজ কার্যক্রম সম্পন্ন করা;

চ. বিনিয়োগকারীগণকে বিভিন্ন কোম্পানির আইপিও-তে আবেদনের সুযোগ প্রদান করা;

ছ. কোম্পানি কর্তৃক হিসাবধারীর অনুকূলে বরাদ্দকৃত সিকিউরিটিজ/রিফান্ড ওয়ারেন্ট সংগ্রহ এবং সংশ্লিষ্ট হিসাবে জমা/সংরক্ষণ করা;

জ. সম্মানিত বিনিয়োগকারীগণকে ইন্টারনেট ট্রেডিং এর সুবিধা প্রদানসহ ই-মেইলের মাধ্যমে লেনদেনের হিসাব বিবরণী সরবরাহ করা;

ঝ. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মালিকানাধীন বিভিন্ন কোম্পানির শেয়ারসমূহ অজড়করণ করে বাজারে বিক্রয়ের ব্যবস্থা করা;

ঞ. স্টক এক্সচেঞ্জ এ নতুন তালিকাভুক্ত কোম্পানির শেয়ারসমূহ ডাইরেক্ট/বুক বিল্ডিং প্রক্রিয়ায় বিক্রয় কার্যক্রম পরিচালনা করা;

ট. সাধারণ বিনিয়োগকারীগণকে দ্বিমাত্রিক বাজার হতে সিকিউরিটিজ ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও কোম্পানির নিজস্ব বিধি/নীতিমালা মোতাবেক মার্জিন ঋণ প্রদান করা;

ঠ. প্রধান কার্যালয় হতে দুই কিলোমিটারের মধ্যে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীর অমনিবাস হিসাব এবং নিজস্ব পত্রকোষের ক্রয়-বিক্রয়ের সুবিধার্থে বর্ধিত ওয়ার্ক স্টেশন স্থাপনের মাধ্যমে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় সুবিধা প্রদান করা।

ডিপোজিটরী পার্টিসিপেন্ট (ডিপি) হিসেবে আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড কর্তৃক প্রদত্ত সেবা সমূহের বিবরণঃ-

ক. আইএসটিসিএল ডিপি এর মাধ্যমে সাধারণ বিনিয়োগকারী, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, সরকারী খাতের বিভিন্ন প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংক এবং রাষ্ট্রায়ত্ত অন্যান্য ব্যাংকের শেয়ারসমূহ নিরাপদ হেফাজতে রাখা;

খ. বিও হিসাবধারকগণ যাতে করে নিয়ন্ত্রণকারী সংস্থা কর্তৃক নির্ধারিত সময়ে শেয়ার ক্রয়-বিক্রয় করতে পারে সে লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;

গ. বিও হিসাবধারীগণের আবেদনের প্রেক্ষিতে ইলেক্ট্রনিক পদ্ধতির মাধ্যমে সিকিউরিটিজ হস্তান্তরের ব্যবস্থা করা;

ঘ. সাধারণ বা প্রাতিষ্ঠানিক বিও হিসাবধারীগণের হাতে থাকা কাগুজে শেয়ারসমূহ অতি দ্রুততার সাথে আইএসটিসিএল ডিপি এর মাধ্যমে অজড়করণ প্রক্রিয়া সম্পন্ন করে বিক্রয়ের সুযোগ সৃষ্টি করা;

ঙ. পুনঃজড়করণ অর্থাৎ বিও হিসাবধারীগণের হিসাবে ধারণকৃত ইলেক্ট্রনিক সিকিউরিটিজ পুনরায় কাগুজে সার্টিফিকেটে রূপান্তর করা;

চ. রাষ্ট্রায়ত্ত ব্যাংকসহ বিভিন্ন ব্যাংক এর আবেদনের প্রেক্ষিতে আইএসটিসিএল ডিপি এর সহায়তায় লিয়েনকৃত শেয়ারসমূহ সংশ্লিষ্ট বিও হিসাবে নিরাপদে সংরক্ষণ করা;

ছ. কোম্পানিসমূহের নতুন ইস্যুকৃত শেয়ার (আইপিও) সহ বিভিন্ন কোম্পানি কর্তৃক ঘোষিত অনার্থিক সুবিধাবলী যথা বোনাস, রাইট বা বিভাজনকৃত শেয়ারসমূহ বিও হিসাবধারীগণের সংশ্লিষ্ট বিও হিসাবে যথাসময়ে জমা করার ব্যবস্থা গ্রহণ করা;

জ. প্রয়োজনে যে কোন প্রকার তথ্য দ্রুত সরবরাহ করার নিমিত্তে আইএসটিসিএল ডিপি এর মাধ্যমে প্রত্যেক বিনিয়োগকারীর তথ্য একই ছকে সংরক্ষণ করা;

ঝ. বিও হিসাবধারীগণকে নির্ভুল তথ্য প্রদানের লক্ষ্যে প্রতিদিন CDBL Server হতে Data Download করে যথাসময়ে Local Server এর Database Update করা।

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড কর্তৃক প্রদত্ত অন্যান্য সেবা কার্যাবলীর বিবরণঃ-

ক. Share Settlement এর ক্ষেত্রে Automation Software এর মাধ্যমে প্রধান কার্যালয়সহ শাখাসমূহে নির্ভুলভাবে শেয়ারসমূহ যথাসময়ে সংশ্লিষ্ট বিনিয়োগ হিসাবে প্রদান করা;

খ. বিনিয়োগকারীদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রকাশনা প্রদান করা;

গ. ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের পুঁজিবাজার সম্পর্কে স্বচ্ছ ও সম্যক ধারণা প্রদান, আস্থা অর্জন এবং দীর্ঘ মেয়াদে বিনিয়োগের জন্য আইএসটিসিএল কর্তৃক পরামর্শ প্রদান করা;

ঘ. আইএসটিসিএল এর ব্যবসায়িক পরিধি বৃদ্ধির জন্য বিভিন্ন গুরুত্বপূর্ণ জেলা/শহর এলাকায় শাখা অফিস স্থাপনের উদ্যোগ গ্রহণ করা।

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড কর্তৃক অভিযোগ গ্রহণঃ-

ক) প্রধান কার্যালয়ের জন্য, আইএসটিসিএল এর প্রধান কার্যালয়ে একটি অভিযোগ বাক্স রাখা আছে যার মাধ্যমে যাবতীয় অভিযোগ গ্রহণ করা;

খ) শাখা কার্যালয়ের জন্য সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক কর্তৃক অভিযোগ গ্রহণ করা;

গ) সাধারণ বিনিয়োগকারী বা প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীগণের দ্বারা উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্ত কার্য পরিচালনা করা ও অভিযোগ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা নেয়া।

বিশেষভাবে উল্লেখ্য যে, আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর বিভিন্ন সেবার বিস্তারিত বিবরণ সম্বলিত সিটিজেন চার্টার আইএসটিসিএল এর নিজস্ব ওয়েব সাইট, www.istcl.com.bd এ প্রদর্শিত হচ্ছে।

প্রধান কার্যালয়ঃ-

ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রিন সিটি এজ (৮ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা।
ফোন: ০২-৮৩০০৪৩১, ৮৩০০৪৫৯

খ) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রেশন এবং ব্রাঞ্চ কন্ট্রোল এন্ড ফাইন্যান্স ডিভিশন)
ফোন: ০২-৮৩০০৪৫১

গ) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনস্ ডিভিশন ও AML/CFT Compliance Unit)
ফোন: ০২-৮৩০০৪৪৬

আইএসটিসিএল এর শাখাসমূহঃ-

১. চট্টগ্রাম শাখা	ঃ দেলোয়ার ভবন, ১০৪, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম, ফোন: ০৩১-২৫১১০৫১
২. সিলেট শাখা	ঃ আনন্দ টাওয়ার শপিং কমপ্লেক্স, জেল রোড, সিলেট, ফোন: ০৮২১-৭১০০৫১
৩. বরিশাল শাখা	ঃ বরিশাল প্লাজা, ৮৭-৮৮, হেমায়েত উদ্দিন রোড, বরিশাল, ফোন: ০৪৩১-২১৭৩৮৮৮
৪. রাজশাহী শাখা	ঃ ডা: গাফ্ফার প্লাজা, মেইন রোড, সাহেব বাজার, রাজশাহী, ফোন: ০৭২১-৮১২১৯৪
৫. খুলনা শাখা	ঃ বিডিবিএল ভবন, ২৫-২৬, কেডিএ বা/এ, যশোর রোড, খুলনা, ফোন: ০৪১-২৮৩০০৬৯
৬. বগুড়া শাখা	ঃ আফসার আলী কমপ্লেক্স, বড়গোলা, রাজাবাজার রোড, বগুড়া, ফোন: ০৫১-৭৮২৮৫
৭. উত্তরা শাখা	ঃ বাড়ি-১৩, রোড়-১৪/এ, সেক্টর-০৪, উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা, ফোন: ০২-৫৮৯৫০৭৮০